পরিচালক (মাধ্যমিক) এর দপ্তর
ডায়েরী নং............... তারিখ ...............
উপপরিচালক (মাধ্যঃ/বিঃ)
সহঃ পরিচালক (.../২/কলেজ-৪)
........................ তারিখের মধ্যে নথিতে
দিন/আলাপ করুন।
পরিচালক (মাধ্যমিক)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক -৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
মহাপরিচালকের দপ্তর
প্রাপ্তি নং
তারিখঃ
☐ পরিচালক
☐ প্রকল্প পরিচালক
☐ উপ-পরিচালক
☐ সহকারী পরিচালক
........................তারিখের মধ্যে
নথিতে দিন/আলাপ করুন।
মহাপরিচালক

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০১৪ (খন্ড-১).৭১১ তারিখ: ৩১/১২/২০১৭ খ্রিঃ

বিষয় : **বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (বিদ্যালয় ও উচ্চ মাধ্যমিক কলেজ) এ ১৩.১১.২০১১ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনের পরে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত এম.পি.ও বিহীন কর্মরত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি,বিজ্ঞান এবং অতিরিক্ত শ্রেণি শাখা ও বিষয়/বিভাগের শিক্ষকদের এম.পি.ও ভুক্তি সংক্রান্ত।**

সূত্র : ১. অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১০২.০২০.০১০.২০১৭-৬০৪ তারিখ : ২০সেপ্টেম্বর ২০১৭
২. ওএম-০৩-ম-২০১২-১৫২১১ তারিখ: ৩০.১১.২০১৭খ্রিঃ
৩. ওমম-১২ (ক-৩)/১৩/৬৭৭৮ তারিখ : ১৯.১২.২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২২.০৮.২০১৭ তারিখে অর্থ বিভাগে অনুষ্ঠিত একটি আন্তঃ মন্ত্রণালয় সভায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, বিজ্ঞান এবং ১৩.১১.২০১১ তারিখের পরে অতিরিক্ত শ্রেণি শাখা ও বিষয়/বিভাগের বিপরীতে নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের এম.পি.ও ভুক্তির লক্ষ্যে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

"(১) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২) বিজ্ঞান এবং (৩) ১৩.১১.২০১১ তারিখের পরে অতিরিক্ত শ্রেণি শাখা ও বিষয়/বিভাগের বিপরীতে নিয়োগপ্রাপ্ত এম.পি.ও বিহীন শিক্ষকদের এম.পি.ও ভুক্তির বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করতে পারে ।"

২.০ উক্ত সিদ্ধান্তের ধারাবাহিকতায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (বিদ্যালয় ও উচ্চ মাধ্যমিক কলেজ) এ গত ১৩.১১.২০১১ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনের পরে নিয়োগপ্রাপ্ত এম.পি.ও বিহীন কর্মরত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, বিজ্ঞান এবং অতিরিক্ত শ্রেণি শাখা ও বিষয়/বিভাগের শিক্ষকদের তথ্য প্রেরণ করে যা নিম্নরূপ :

ক. বিদ্যালয় :

| প্রতিষ্ঠানের ধরন | বিষয় | শিক্ষকের সংখ্যা |
|---|---|---|
| বিদ্যালয় | সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | ১৬৫৬ |
| | সহকারী শিক্ষক (বিজ্ঞান) | ২৬৫ |
| | সহকারী শিক্ষক (অতিরিক্ত শাখা) | ২২৯২ |
| | মোট | ৪২১৩ |

খ. কলেজ

| প্রতিষ্ঠানের ধরন | বিষয় | শিক্ষকের সংখ্যা |
|---|---|---|
| কলেজ | প্রভাষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | ২৪২ |
| | প্রভাষক (উৎপাদন ,ব্যবস্থাপনা ও বিপণন) | ৬১০ |
| | প্রভাষক (ফিনান্স,ব্যাংকিং ও বীমা) | ২০৩ |
| | প্রভাষক (বিজ্ঞান) | ৫০৩ |
| | প্রভাষক (অন্যান্য) | ১৩৭৫ |
| | মোট | ২৯৩৩ |

- **সর্বমোট (ক+খ)=৪২১৩+২৯৩৩= ৭১৪৬ জন**

৩.০ এমতাবস্থায়, অর্থ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী নিম্নোক্ত শর্তে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (বিদ্যালয় ও উচ্চ মাধ্যমিক কলেজ) এ ১৩.১১.২০১১ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনের পরে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত এম.পি.ও বিহীন কর্মরত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, বিজ্ঞান এবং অতিরিক্ত শ্রেণি শাখা ও বিষয়/বিভাগের ৭১৪৬ জন শিক্ষক কে এম.পি.ও ভুক্ত করতে নির্দেশক্রমে সরকারের সদয় সম্মতি জ্ঞাপন করা হলো :

শর্ত :

ক) এম.পি.ও ভুক্তির এ আদেশ অবিলম্বে কার্যকর হবে। এ সকল শিক্ষকগণ ইত:পূর্বের কোন বকেয়া বেতন- ভাতা প্রাপ্য হবেন না ;

খ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের গত ০৮ সেপ্টেম্বর ২০১৫ তারিখে জারিকৃত পরিপত্র অনুযায়ী মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন ০৯টি শিক্ষা অঞ্চলের মাধ্যমে ৭১৪৬ জন শিক্ষক কে অনলাইনে এম.পি.ও ভুক্তির জন্য আবেদন করতে হবে ;

গ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত কার্যতালিকা অনুযায়ী এ বিভাগের অধীন বেসরকারি বিদ্যালয় ও উচ্চ মাধ্যমিক কলেজের ক্ষেত্রে প্রযোজ্য হবে ;

৪.০ এক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের গত ১৩.১১.২০১১ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন অকার্যকর হবে ।

৫.০ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো ।

সংযুক্তি :
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রেরিত (বিদ্যালয় ও উচ্চ মাধ্যমিক কলেজ) এ কর্মরত ৭১৪৬ জন শিক্ষকের তালিকা।

৩১.১২.১৭
(নুসরাত জাবীন বানু)
যুগ্মসচিব
ফোন : ৯৫৪০৫১৭

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন,ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে :

০১. মাননীয় শিক্ষা মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় , বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪. সিনিয়র সহকারী সচিব,রাজস্ব বাজেট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৫. সিনিয়র সহকারী সচিব,বাজেট-২,বাজেট অনুবিভাগ-১,অর্থ বিভাগ,অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৬. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৭. যুগ্ম-সচিব (বেসর: মাধ্যমিক) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

স্মারক নং: ৩এম-০৩-ম/২০১২/৮০৪/৮ তারিখ: 22/০১/২০১৮খ্রি.

উপরিউক্ত শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের নির্দেশনা মোতাবেক জনবল কাঠামো-২০১০ (মার্চ/২০১৩ পর্যন্ত সংশোধিত) এবং এমপিও প্রদানের বিদ্যমান বিধি বিধান অনুসরণপূর্বক বকেয়া ব্যতীত Online-এ MPO প্রদানের বিষয় নিষ্পত্তির জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)

০১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
০২। জেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট জেলা।
০৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট উপজেলা।
০৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক ..............................।
০৫। সভাপতি, .........................................।

সদয় অবগতি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):
০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃ: আ: অতিরিক্ত সচিব (বেসরকারি মাধ্যমিক)
০২। পি.এ. টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৩। সংরক্ষণ নথি।

22/1/2018
প্রফেসর মোহাম্মদ শামছুল হুদা
পরিচালক(কলেজ ও প্রশাসন)
ফোনঃ ৯৫৬৩৪৩৯

E:\afsir sir # 59